

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অধীকৃত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
জামালপুর
www.jamalpur.gov.bd

নং-০৫.৪৫.৩৯০০.০০১.১০.০৩৭.২৩-৪৫


তারিখ : ২৬ ডিসেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জামালপুর জেলার ০৫টি সংসদীয় আসনের (১৩৮ জামালপুর-১, ১৩৯ জামালপুর-২, ১৪০ জামালপুর-৩, ১৪১ জামালপুর-৪ ও ১৪২ জামালপুর-৫) নির্বাচনি সংবাদ সংগ্রহের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে জারীকৃত নির্বাচনি সংবাদ সংগ্রহের দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/ গণমাধ্যম কর্মীদের জন্য নীতিমালা (সংশোধিত) অনুযায়ী পরিচয়পত্র ও গাড়ীর স্টিকার সংগ্রহের জন্য জেলা পর্যায়ের গণমাধ্যম কর্মীদের জেলা প্রশাসক, জামালপুর ও রিটার্নিং অফিসার বরাবর এবং উপজেলা পর্যায়ের গণমাধ্যম কর্মীদের সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার বরাবর আগামী ৩০ ডিসেম্বর ২০২৩ শনিবার বিকাল ৪.০০ টার মধ্যে নিম্নবর্ণিত নিয়মে আবেদন করার জন্য অনুরোধ করা হলোঃ

- ১। সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/ চিফ রিপোর্টার/ বার্তা প্রধান/ ব্যুরো প্রধান/ জেলা প্রতিনিধির স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে কতজন সাংবাদিককে এ্যাসাইনমেন্ট দেয়া হলো তাদের নাম, পদবী, প্রতিষ্ঠানের সাংবাদিক পরিচয়পত্র ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ৩। আবেদনপত্রের সাথে হালনাগাদ সাংবাদিক পরিচয়পত্র/ পিআইডি কার্ড, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ১ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজ রঞ্জিন ছবি সংযুক্ত করতে হবে।
- ৪। টেলিভিশনের সাংবাদিকদের প্রযুক্তিগত সহায়তা করার জন্য সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্রের জন্য একই পদ্ধতিতে আবেদন করতে হবে।
- ৫। গাড়ি/ মোটর সাইকেলের স্টিকারের জন্য সংশ্লিষ্ট সাংবাদিককে স্ব-স্ব-প্রতিষ্ঠানের নিয়োগপত্র/ পিআইডি কপি, এনআইডির কপি, ড্রাইভিং লাইসেন্স, গাড়ি/ মোটরসাইকেলের রেজিস্ট্রেশন ও ফিটনেস সার্টিফিকেটসহ আবেদন করতে হবে।

তারিখ: ২ ৬ দিন ১ ২ মাস ২ ০ ২ ৩ বৎসর


তারিখ: ২৬.১২.২০২৩
মোঃ শফিউর রহমান
জেলা প্রশাসক, জামালপুর
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
(সংসদীয় আসন : ১৩৮, ১৩৯,
১৪০, ১৪১ ও ১৪২)
ফোন: ০২-৯৯৭৭২১২৩